

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩৬

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ জান্নাত ওয়াজিব হয়ে যাবে ঐ ব্যক্তির জন্য যে ব্যক্তি যাকাত আদায় করে সাথে সাথে অন্যান্য সমস্ত ফরয পালন করে এবং কাবীরাহ গোনাহ থেকে বেঁচে থাকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ آتَى الزَّكَاةَ مَعَ سَائِرِ الْفَرَائِضِ وَكَانَ مُجتنباً للكبائر

আরবী

3236 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى بْنِ عِيسَى بْنِ هِلَالِ التَّمِيمِيُّ بِالْمَوْصِلِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرِ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا فُضَيْلُ بْنُ سُلَيْمَانَ حَدَّثَنَا مُوسَى بْنُ عُبْدُ اللَّهِ بْنُ سَلْمَانَ الْأَغُنُّ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي أَيُّوبَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ عَبْدِ يَعْبُدُ اللَّهَ لَا يُشْرِكُ بِهِ شَيْئًا وَيُقِيمُ الصَّلَاةَ وَيُوثِتِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ عَبْدِ يَعْبُدُ اللَّهَ لَا يُشْرِكُ بِهِ شَيْئًا وَيُقِيمُ الصَّلَاةَ وَيُوثِتِي النَّوَكَاةَ وَيَصُومُ رَمَضَانَ وَيَجْتَنِبُ الكَبائر إلا دخل الجنة) الزَّكَاةَ وَيَصنُومُ رَمَضَانَ وَيَجْتَنِبُ الكبائر إلا دخل الجنة) الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيّ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3236 ا خلاصة حكم المحدث: صحيح الصفحة أو الرقم: 3236 ا خلاصة حكم المحدث: صحيح عن أبيهما وهذا عبد الله.

বাংলা

৩২৩৬. আবূ আইয়ূব আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে কোন ব্যক্তি আল্লাহর ইবাদত করে, তাঁর সাথে কোন কিছুকে শরিক করে না, সালাত প্রতিষ্ঠা করে, যাকাত প্রদান করে, রমযানের সিয়াম পালন করে এবং কাবীরাহ গোনাহ থেকে বেঁচে থাকে, তবে সে জান্নাতে প্রবেশ করবে।"[1]

আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "সালমান আল আগার রহিমাহুল্লাহর দুইজন সন্তান রয়েছে। তারা হলেন, আব্দুল্লাহ এবং উবাইদুল্লাহ। তারা দুই জনই তাদের বাবা থেকে হাদীস বর্ণনা করেছেন। এটা আব্দুল্লাহর হাদীস।"



ফুটনোট

[1] হাকিম: ১/২৩; মুসনাদ আহমাদ: ৫/৪১৩-৪১৪; নাসাঈ: ৭/৮৮; তাবারানী: ৩৮৮৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩২৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন